



বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

Website: www.bsc.gov.bd



নং-১৮.১৬.০০০০.৩৮৩.৫৭.০০১.২১

তারিখ: ১২-০৪-২০২১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ বহরে (Bulk Carrier ও Oil & Chemical Tanker) নিম্নোক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রকৃত অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে: -

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স	বেতন স্কেল (বিএসসির বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	ডেক ক্যাডেট	০৮	অনূর্ধ্ব ৩০ বৎসর	ট্যাঃ ১৫৬০০-১৬৩৮০-১৭২০০- ১৮০৬০-১৮৯৭০-১৯৯২০- ২০৯২০-২১৯৭০/-	মেরিন একাডেমীর সার্টিফিকেট (নটিক্যাল) অথবা সমমানের সার্টিফিকেট।
২	ইঞ্জিন ক্যাডেট/ ক্যাডেট ইঞ্জিনিয়ার	০৮	অনূর্ধ্ব ৩০ বৎসর	ট্যাঃ ১৫৬০০-১৬৩৮০-১৭২০০- ১৮০৬০-১৮৯৭০-১৯৯২০- ২০৯২০-২১৯৭০/-	মেরিন একাডেমীর সার্টিফিকেট (ক্যাডেট ইঞ্জিনিয়ার) অথবা সমমানের সার্টিফিকেট।

- ০১। আবেদনকারীকে আবেদন ফরম পূরণ করে আগামী ২৭-০৪-২০২১ খ্রি. তারিখের মধ্যে “মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল), বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম-এর বরাবর পৌঁছাতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত তারিখে/সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি বিএসসির ওয়েব সাইট www.bsc.gov.bd এর ফরম সেকশনে পাওয়া যাবে।
- ০২। আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি; (খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি; (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; (ঘ) সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি; (ঙ) সিডিসি এর সত্যায়িত কপি।
- ০৩। আবেদনপত্র ও খামে পদের নাম উল্লেখের ক্ষেত্রে ডেক ক্যাডেট অথবা ইঞ্জিন ক্যাডেট/ক্যাডেট ইঞ্জিনিয়ার) লিখতে হবে।
- ০৪। নিয়োগ সংক্রান্ত অন্যান্য সকল তথ্য/শর্তাবলি বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ওয়েব সাইটে (www.bsc.gov.bd) পাওয়া যাবে।

সতর্কীকরণ : নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন পক্ষের সাথে কোন ধরনের যোগাযোগ এবং আর্থিক লেনদেনের তথ্য পাওয়া গেলে তা প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে এবং তাৎক্ষণিক প্রার্থীর আবেদনপত্রটি বাতিল হিসেবে বিবেচিত হবে।

ক্যাপ্টেন আমীর মোঃ আবু সুফিয়ান
মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল)
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
ও
সদস্য-সচিব, নিয়োগ কমিটি
বিএসসি ভবন, পোঃ বক্স নং-৬৪১,
সল্টগোলা রোড, চট্টগ্রাম।